

নম্বর: ০৫.৪২.১২০০.০১৪.১৫.০২৪.২৪- ১০৮৬

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩১
২৬ নভেম্বর ২০২৪ খ্রি.


গণবিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জুলাই-আগস্ট, ২০২৪ ঐতিহাসিক ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে আহতদের চূড়ান্ত তালিকা প্রণয়ন করতে 'গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল' গঠিত হয়েছে। ইতোমধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সরকারি-বেসরকারি হাসপাতাল ও জেলা কমিটির মাধ্যমে প্রাপ্ত আহতদের নামের তালিকা www.hsd.gov.bd এবং www.dghs.gov.bd ওয়েব পেজ দুটিতে প্রকাশিত হয়েছে।

০২। গণঅভ্যুত্থানকালীন ১৫ জুলাই ২০২৪ হতে ৫ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে ছাত্র-জনতার আন্দোলনে সম্পৃক্ত হয়ে যারা আহত হয়ে থাকেন অথবা চিকিৎসাধীন আছেন কিন্তু উল্লিখিত তালিকায় নাম অন্তর্ভুক্ত হয়নি এমন ব্যক্তির নাম তালিকাভুক্তির জন্য আবেদন আহবান করা হয়েছে।

০৩। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট আহত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ, স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং উপর্যুক্ত প্রমাণকসহ জেলা প্রশাসক অথবা বিশেষ সেল এর দলনেতা বরাবর আবেদন করতে হবে।

০৪। বর্ণিতাবস্থায়, ব্রাহ্মণবাড়িয়া জেলার কোন বাসিন্দা যদি ব্রাহ্মণবাড়িয়া জেলা অথবা অন্য কোন জেলায় ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে সম্পৃক্ত হয়ে আহত থাকেন কিন্তু তালিকাভুক্ত হননি এমন ব্যক্তিদেরকে আগামী ৩০ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া বরাবর জেলা ই-সেবা কেন্দ্র, ব্রাহ্মণবাড়িয়ায় আবেদন জমা প্রদান (সাপ্তাহিক ছুটির দিনসহ) অথবা বিশেষ সেলের দলনেতা (অতিরিক্ত সচিব), গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল বরাবর বিএসএল অফিস কমপ্লেক্স (হোটেল ইন্টারকন্টিনেন্টাল), ২য় তলা, ভবন নং-২, ১ মিনিট রোড, ঢাকা-১০০০ ঠিকানায় এবং ই-মেইলে (muspecialcell36@gmail.com) আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।


মোহাম্মদ দিদারুল আলম
জেলা ম্যাজিস্ট্রেট
ব্রাহ্মণবাড়িয়া
☎ ০২-৩৩৪৪২৭৭১২

ই-মেইল: dcbrahmanbaria@mopa.gov.bd

নম্বর: ০৫.৪২.১২০০.০১৪.১৫.০২৪.২৪- ১০৮৬

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩১
২৬ নভেম্বর ২০২৪ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৪. দলনেতা (অতিরিক্ত সচিব), গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল, বিএসএল অফিস কমপ্লেক্স (হোটেল ইন্টারকন্টিনেন্টাল), ২য় তলা, ভবন নং-২, ১ মিনিট রোড, ঢাকা-১০০০
৫. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া
৬. সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া
৭. অতিরিক্ত জেলা প্রশাসক, রাজস্ব/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/সার্বিক, ব্রাহ্মণবাড়িয়া
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
৯. জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়া (বিজ্ঞপ্তিটি জরুরিভিত্তিতে সকল উপজেলায় বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০. সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা প্রেস ক্লাব, ব্রাহ্মণবাড়িয়া (বিজ্ঞপ্তিটি ০১ দিনের জন্য তাঁর পত্রিকায় প্রেস বিজ্ঞপ্তি হিসেবে প্রকাশের জন্য অনুরোধ করা হলো (বিজ্ঞাপন হিসেবে নয়))
১১. অফিস কপি।